REHAB

তারিখ : ০৬ জুন, ২০২৬
স্মারক নং : রিহ্যাব (অপাঃ ডিঃ ০০৭) রিঃ সাঃ ফেঃ-২০২৬/০১/১৪৭৮

বরাবর,
**সম্মানিত সকল সদস্য**
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) ।

**বিষয়ঃ রিহ্যাব আয়োজিত ঢাকায় অনুষ্ঠিতব্য "রিহ্যাব সামার ফেয়ার ২০২৬"-এ অংশগ্রহণের জন্য স্টল বরাদ্দের অর্থ প্রদান।**

জনাব

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)- এর পক্ষ থেকে আপনাকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রিহ্যাব আগামী **১২-১৫ আগস্ট, ২০২৬ তারিখে শহীদ আবু সাইদ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (হোটেল ইন্টারকন্টিনেন্টাল- এর উত্তর পাশে)- ১ মিন্টু রোড, শাহবাগ, ঢাকা- তে 'রিহ্যাব সামার ফেয়ার ২০২৬'** এর আয়োজন করা হয়েছে। উল্লেখ্য যে, এই ফেয়ারের জন্য ইতিমধ্যেই ভেন্যু চূড়ান্ত করা হয়েছে। এবারের ফেয়ারের জন্য পর্যায়ক্রমে ডায়মন্ড প্যাভেলিয়ন ফি ও স্টল (৩০ফিট X ৮ফিট X ৮ফিট - ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা, গোল্ড স্পন্সর ফি ও স্টল (২৪ফিট X ৮ফিট X ৮ফিট) ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা, কো-স্পন্সর ফি ও স্টল ফি (১৬ফিট X ৮ফিট X ৮ফিট) ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা, সাধারণ স্টল ফি (৮ফিট X ৮ফিট X ৮ফিট) ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, রুবি জোন ১টি স্টল ফি (৮ফিট X ৮ফিট X৮ফিট) ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, রুবি জোন পাশাপাশি ২ টি স্টল ফি (১৬ফিট X ৮ফিট X ৮ফিট) ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এবং ট্রেডিং টেবিল ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা নির্ধারণ করা হয়েছে। আসন্ন রিহ্যাব সামার ফেয়ার ২০২৬- এ ১৩০টি স্টল থাকবে যা রিহ্যাব সদস্য প্রতিষ্ঠান সমূহের মধ্যে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ করা হবে। অবশিষ্ট স্টলসমূহ বিভিন্ন বিল্ডিং ম্যাটেরিয়ালস ও অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান সমূহের মধ্যে বরাদ্দের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একইসাথে উল্লেখ্য যে, একই সাথে আবাসন খাতের সার্বিক অবস্থা বিবেচনা করে আসন্ন এই ফেয়ারকে আকর্ষণীয় ও জাঁক-জমকপূর্ণ করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়াতে ব্যাপক প্রচার প্রচারণার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**এই পরিপ্রেক্ষিতে আসন্ন রিহ্যাব ফেয়ারে অংশগ্রহণে ইচ্ছুক রিহ্যাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠানকে চূড়ান্ত বুকিং প্রদানের জন্য "রিহ্যাব" বরাবরে পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে (অফেরৎযোগ্য)।** টাকা জমা দেওয়ার ক্রমানুসারে স্টল বরাদ্দের জন্য লটারী অনুষ্ঠিত হবে এবং এই লটারীর মাধ্যমে প্রাপ্ত স্টল নম্বরই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া যে সকল গ্রুপ/প্রতিষ্ঠানের একাধিক রিহ্যাব সদস্য রয়েছে, তাদের পাশাপাশি স্টল প্রদান করা সম্ভব হবে না। একমাত্র লটারীতে প্রাপ্ত স্টলই চূড়ান্ত অবস্থান হিসাবে নির্ধারিত হবে।

উল্লেখ্য যে, ডায়মন্ড প্যাভেলিয়ন স্টল পে-অর্ডার প্রাপ্তি সাপেক্ষ্যে প্রদান করা হবে। গোল্ড স্পন্সর, স্টল কো-স্পন্সর প্রতিষ্ঠানসমূহের মধ্যে পৃথক লটারীর মাধ্যমে স্টল নম্বর চূড়ান্ত করা হবে। রিহ্যাব আয়োজিত বিগত দিনের ফেয়ারের মত এবারও ডায়মন্ড প্যাভেলিয়ান স্টলে ১৫ জন, গোল্ড স্পন্সর স্টলে ১০ জন, কো-স্পন্সর স্টলে ৮ জন ও সাধারণ স্টলে ৫ জন, রুবি জোনে প্রতিটি স্টলের জন্য ৫ জন প্রতিনিধি এবং ট্রেডিং টেবিলের জন্য ২ জন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন। উল্লেখ্য যে, প্লাটিনাম প্যাভেলিয়ন স্টলের জন্য টিভি ইন্টারভিউ সহ মিডিয়া সাপোর্ট দেওয়া হবে।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

একইসাথে, আগ্রহী প্রতিষ্ঠান সমূহ ফেয়ারে বিভিন্ন ইভেন্ট স্পন্সর হওয়ার সুযোগ গ্রহণ করতে পারবেন। নিম্নে বর্ণিত বিভিন্ন প্রকার ইভেন্ট স্পন্সর করার জন্যও স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে আগ্রহ প্রকাশ করে পত্র প্রদানের মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের নাম ইভেন্ট স্পন্সর হিসাবে ব্র্যান্ডিং করার উদ্যোগ নিতে পারবেন।

| ক্রমিক নং | ইভেন্টের নাম | ইভেন্টের সংখ্যা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১। | উদ্বোধনী অধিবেশন | ০১ টি | ১০,০০,০০০/- |
| ০২। | এন্ট্রি টিকেট ও ড্রপ বক্স | ০১ টি | ৪,০০,০০০/- |
| ০৩। | টিকেট কাউন্টার | ০৩ টি | ৪,০০,০০০/- |
| ০৪। | তথ্য কেন্দ্র | ০১ টি | ৪,০০,০০০/- |
| ০৫। | প্রবেশ ও বাহির পথ | ০২ টি | ৬,০০,০০০/- |
| ০৭। | সুভ্যেনীয়রে বিজ্ঞাপন মূদ্রণ<br>(ভিতরের প্রতি পৃষ্ঠা) | ১ পৃষ্ঠা<br>(A4 পেপার সাইজের প্রতিটি) | ৫০,০০০/- |

আসন্ন রিহ্যাব সামার ফেয়ার- ২০২৬- এ অংশগ্রহণে ইচ্ছুক রিহ্যাব সদস্য ডেভেলপার প্রতিষ্ঠানসমূহকে এ পত্রের সাথে সংযুক্ত ফরমটি যথাযথ ভাবে পূরণ পূর্বক **আগামী ১৬ জুলাই, ২০২৬ (বৃহস্পতিবার) এর** মধ্যে **"রিহ্যাব"** বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট- এর মাধ্যমে রিহ্যাব সচিবালয়ে জমা দিতে হবে।

প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন বিহীন কোন প্রকল্প, প্লট, ফ্ল্যাট, কমার্শিয়াল স্পেস উপস্থাপন, প্রদর্শন ও বিপণন করার কোন সুযোগ মেলাতে থাকবেনা। এই প্রেক্ষিতে ফেয়ারে আপনার প্রতিষ্ঠানের স্টল বুকিং নিশ্চিৎ করে রিহ্যাবের আয়োজনকে সফল করতে সার্বিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদান্তে-

06.06.26

**ড. আলী আফজাল**
প্রেসিডেন্ট
রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH REHAB

**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

# রিহ্যাব সামার ফেয়ার- ২০২৬

১২-১৫ আগস্ট, ২০২৬

স্থান : শহীদ আবু সাইদ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ১ মিন্টু রোড, শাহবাগ, ঢাকা

## স্টল বুকিং ফরম (রিহ্যাব সদস্য)

১. প্রতিষ্ঠানের নাম : ..............................................................................................

২. রিহ্যাব সদস্য নং : ..............................................................................................

৩. ঠিকানা : ..............................................................................................

..............................................................................................

ফোন :............................................ মোবাইল ফোন:............................................

ই-মেইল :..............................................................................................

৪. যোগাযোগকারী ব্যক্তির নাম:............................................পদবী:..............................

মোবাইল ফোন:............................................ ই-মেইল :............................................

৫. ডায়মন্ড প্যাভেলিয়ন, কো-স্পন্সর ফি, কো-স্পন্সর স্টল, সাধারণ স্টল ও ইভেন্ট স্পন্সর বরাদ্দের তথ্য (টিক চিহ্ন):

| ক্রমিক নং | অংশগ্রহণের প্রকার | টাকা | টিক ব্যবহার করুন |
|---|---|---|---|
| ০১। | ডায়মন্ড প্যাভেলিয়ন ফি ও স্টল | ২০,০০,০০০/- | |
| ০২ | গোল্ড স্পন্সর ফি ও স্টল | ১৫,০০,০০০/- | |
| ০৩। | কো-স্পন্সর ফি ও স্টল | ৮,০০,০০০/- | |
| ০৪। | সাধারণ স্টল ফি | ১,৫০,০০০/- | |
| ০৫। | রুবি জোন: ১ টি স্টল ফি | ২,৫০,০০০/- | |
| ০৬। | রুবি জোন: পাশাপাশি ২ টি স্টল ফি | ৪,০০,০০০/- | |
| ০৭। | ট্রেডিং টেবিল | ৪০,০০০/- | |
| ০৭। | ইভেন্টের নাম ঃ | | |
| ০৮। | সুভ্যেনীয়র বিজ্ঞাপন মূদ্রণ (ভিতরের পূর্ণ পৃষ্ঠা) | ৫০,০০০/- (১পৃষ্ঠা- A4 পেপার সাইজের প্রতিটি) | |

পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নং : ............................................ তারিখ : ..............................

ব্যাংকের নাম : ............................................ শাখা : ............................................

রিহ্যাব প্রতিনিধির স্বাক্ষর ও সীল

তারিখ : ..............................



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH REHAB

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

তারিখ : ০৬ জুন, ২০২৬
স্মারক নং : রিহ্যাব (অপা: ডি: ০০৭) রি: সা: ফে-২০২৬- তথ্য/০১/

বরাবর
**অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠান**
রিহ্যাব সামার ফেয়ার ২০২৬।

**বিষয়ঃ রিহ্যাব সামার ফেয়ার ২০২৬- এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠান সমূহের প্রতিনিধিদের ID Card, Project Information ও Company Logo প্রদান।**

জনাব

রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)- এর পক্ষ থেকে আপনাকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছি।

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী **১২-১৫ আগস্ট, ২০২৬ তারিখে শহীদ আবু সাইদ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (হোটেল ইন্টারকন্টিনেন্টাল- এর উত্তর পাশে)- ১ মিন্টু রোড, শাহবাগ, ঢাকা-** তে রিহ্যাব সামার ফেয়ার ২০২৬ এর আয়োজন করা হয়েছে। এই ফেয়ার চলাকালীন ফেয়ার প্রাঙ্গঁণে চলাফেরা ও নিরাপত্তার সুবিধার্থে এবারও ডায়মন্ড প্যাভেলিয়ান স্টলে ১৫ জন, গোল্ড স্পন্সর স্টলে ১০ জন, কো-স্পন্সর স্টলে ৮ জন, সাধারণ স্টলে ৫ জন, রুবি জোনে প্রতিটি স্টলে ৫ জন প্রতিনিধি ও এক্সিভিশন মার্কেটিং ডেস্কের জন্য ২ জন প্রতিনিধিবৃন্দকে **ID Card** প্রদান করা হবে। আপনাদের ID Card এর জন্য সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজের ছবি ও তথ্য সম্বলিত ফরম **(Hard copy & Soft copy)** এবং ফেয়ার সুভ্যেনীয়রের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত **Project Information** (সংযুক্ত ফরমটি পূরণ করে **MS Word** এ সফটকপি), একই সাথে ডায়মন্ড প্যাভেলিয়ন /গোল্ড স্পন্সর/ কো-স্পন্সর গ্রহণকারী প্রতিষ্ঠানের **Company Profile (AI File), Company Logo Adobe Illustrator Format-** এ **Pendrive/CD** তে **আগামী ১৬ জুলাই, ২০২৬ (বৃহস্পতিবার)** তারিখের মধ্যে রিহ্যাব সচিবালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

অতএব, উপরে উল্লেখিত তথ্য সম্বলিত ফরম, **ID Card Information** ও ফেয়ার সুভ্যেনীয়রের জন্য **Project Information (MS Word)** ও **Company Logo Adobe Illustrator Format (AI)-** এ **Pen Drive/CD** তে রিহ্যাব সচিবালয়ে নির্ধারিত সময়ের মধ্যে জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। ফেয়ার সুভ্যেনীয়রে মুদ্রণের জন্য প্রদানকৃত তথ্যাবলীর জন্য স্বস্ব প্রতিষ্ঠান দায়বদ্ধ থাকবেন।

ধন্যবাদান্তে-

06.06.26
**ড. আলী আফজাল**
প্রেসিডেন্ট
**রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ।**

সংযুক্তিঃ 1. Information for ID Card (নমুনা)
2. Project Information (নমুনা)

***বি: দ্রঃ- **ID Card Information (with Photo), Project Information (MS Word),** ডায়মন্ড প্যাভেলিয়ান /গোল্ড স্পন্সর/ কো-স্পন্সর গ্রহণকারী প্রতিষ্ঠানের **Company Profile (AI File)** ও **Company Logo (AI File)** প্রতিটিই হার্ড কপি ও সফট কপি (Pen drive/CD) জমা দিতে হবে। অসম্পূর্ণ তথ্য ও স্ক্যান কপি গ্রহণযোগ্য হবে না।



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

REHAB

## Information for ID Card of REHAB Summer Fair 2026

(For Each Participant)

**PHOTO**
(PP Size)

| | | |
|---|---|---|
| **1.** | **Name of the Person** | :.............................................................. |
| **2.** | **Designation** | :.............................................................. |
| **3.** | **Contact No.** | :.............................................................. |
| **4.** | **Name of the Company** | :.............................................................. |
| **5.** | **Address of the Company** | :.............................................................. |
| | | .............................................................. |
| | | .............................................................. |

Date:.................................

...............................
Signature & Seal
**REHAB Representative**

***বিঃ দ্রঃ- **ID Card Information (with Photo soft copy)** প্রতিটিই হার্ড কপি ও সফট কপি (সিডি/পেন ড্রাইভ) করে জমা দিতে হবে। অসম্পূর্ণ তথ্য ও স্ক্যান কপি গ্রহণযোগ্য হবে না।

- **Please use block letters to fill up the Information form**



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH REHAB

REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram
**E-mail :** ctg.region@rehab-bd.org, rehabctg@yahoo.com, **Tel :** 02334451441, 02334453884, 02334453885

Type of the Company :
Date of Inception :
Business Address :
Phone :
Fax :
E-mail :
Name of the Top Management :
Web Address :

**Completed Projects (Last One Year)**

| Name of Project | Location | Approval No. |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

**Ongoing Projects**

| Name of Project | Location | Unit Size | Expected Completion time | Approval No. |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**Upcoming Projects**

| Name of Project | Location | Approval No. |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

(বিঃ দ্রঃ প্রকল্পের তথ্য সমূহের **(Softcopy-Pendrive/CD)** অবশ্যই **A4** পেপার সাইজের এক পৃষ্ঠার মধ্যে **MS Word** ফরম্যাট এবং **Company Logo (Adobe Illustrator Format) CD** তে প্রদান করতে হবে।)



REAL ESTATE & HOUSING ASSOCIATION OF BANGLADESH
**Head Office :** NATIONAL PLAZA (5th & 6th Floor), 1/G Free School Street, Sonargaon Road Dhaka-1205. **Tel :** (+88-02) 9632570, 9632571, 9632572, 9632573, 9632574, **E-mail :** info@rehab-bd.org, **web :** www.rehab-bd.org
**Chattogram Regional Office :** SAF Arcadia (3rd Floor), 924, East Nasirabad, 2 No. Gate, Panchlaish, Chattogram